খেলা

আজকাল কলকাতা বৃহস্পতিবার ২১ মে ২০২৬

সিটির ড্র, ২২ বছর পর ইপিএল আর্সেনালের

আজকালের প্রতিবেদন

২২ বছর। নেহাত কম সময় নয়। ফিফা ক্রমতালিকায় ১৩৬ নম্বরে থাকা ভারতের একটি ক্লাব দেশের সর্বোচ্চ লিগ জিততে পারেনি দীর্ঘ ২২টা বছর। আজ, বৃহস্পতিবার তাদের সামনে এই অপেক্ষা ঘোচানোর সুযোগ এসেছে। সেখানে কী হবে, উত্তর সময় দেবে। তার আগে ফিফা ক্রমতালিকায় চতুর্থ স্থানে থাকা ইংল্যান্ডের একটি ক্লাব একইরকম ২২ বছরের অপেক্ষা মুছে দেশের সর্বোচ্চ লিগে চ্যাম্পিয়ন হল। দলটির নাম আর্সেনাল। আর খেতাবের নাম ইংলিশ প্রিমিয়ার লিগ।

ইপিএল ট্রফি কার হাতে উঠবে, তা নিয়ে টানটান লড়াই চলছিল গুরু–শিষ্যের। গুরু, অর্থাৎ পেপ গুয়ারদিওলার ম্যাঞ্চেস্টার সিটি খেতাব জয়ের দৌড়ে ছিল ভালমতোই। প্রতিযোগিতার শেষদিকে আর্সেনালকে বেশ বেগ দিচ্ছিল তারা। কিন্তু শিষ্য মিকেল আর্তেতাই শেষ পর্যন্ত বাজিমাত করলেন। তাঁর কোচিংয়েই ২২ বছরের খরা কাটিয়ে এমিরেটস স্টেডিয়ামে জায়গা পেল ইপিএল ট্রফি।

মঙ্গলবার ঘরের মাঠে গুরুত্বপূর্ণ ম্যাচে বার্নলের বিরুদ্ধে ১–০ ফলে জয়ী হয় আর্সেনাল। তারপরই তাদের নজর ছিল গভীর রাতে বোর্নমাউথ বনাম ম্যাঞ্চেস্টার সিটির খেলার দিকে। চ্যাম্পিয়নশিপের অঙ্ক অনুযায়ী, সেই ম্যাচে সিটি পয়েন্ট নষ্ট করলেই এক ম্যাচ বাকি থাকতে বিজয়ী হবে আর্সেনাল। ম্যান সিটি হেরেই যাচ্ছিল। প্রথমার্ধেই গোল করে বোর্নমাউথ। শেষ মুহূর্তে আর্লিং হালান্ডের গোলে ম্যাচ ১–১ ড্র হয়। তাতেই নিশ্চিত হয়ে যায় আর্সেনালের জয়।

সিটির খেলা শেষ হতে ইপিএল ট্রফির রেপ্লিকা নিয়েই উল্লাসে মাতে আর্সেনাল ড্রেসিংরুম। ২২ বছর পর এমন একটি রাত এল। উল্লাসই তো স্বাভাবিক।

আর্সেনালের ড্রেসিংরুমে রেপ্লিকা নিয়েই উল্লাস ফুটবলারদের।

চেষ্টা সফল: নেইমার

আজকালের প্রতিবেদন

হয়তো এটাই তাঁর শেষ বিশ্বকাপ। তাই মনেপ্রাণে চেয়েছিলেন, ব্রাজিলের জার্সি গায়ে এবারের বিশ্বকাপে খেলতে। কিন্তু সুযোগ পাবেন কি না, তা নিয়ে নিজেও চিন্তায় ছিলেন। নিশ্চিত ছিলেন না বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা তাঁর অগণিত ভক্তকুলও। তবে সবাইকে চমকে সেদেশের অন্যতম সফল ফুটবলার নেইমারকে বিশ্বকাপের ২৬ জনের দলে জায়গা দিয়েছেন কোচ কার্লো আনসেলোত্তি। দল ঘোষণার সময় নিজের নাম শুনে আবেগে কেঁদে ফেলেছিলেন নেইমার। যা প্রকাশ্যে এসেছে তারকা ফুটবলারেরই একটি ভিডিওর মাধ্যমে।

কেরিয়ারের শেষবেলায় নিজের ছোটবেলার ক্লাব স্যান্টোসে ফিরে এসেছেন নেইমার। বর্তমানে সেই দলের হয়েই ব্রাজিলে ক্লাব ফুটবলে ব্যস্ত তিনি। তার ফাঁকে জাতীয় দল ঘোষণার সময় ক্লাবের সতীর্থ এবং নিজের বান্ধবীর সঙ্গে টিভিতে চোখ রেখেছিলেন। হয়তো একটা ক্ষীণ আশা ছিল যে, তাঁকে এত সহজে ছেঁটে ফেলা হবে না। সেই আশাই বাঁচিয়ে দিল নেইমারের বিশ্বকাপ খেলার স্বপ্নকে।

দল ঘোষণার পর বলছিলেন, 'আমার মনের মধ্যে কী চলছে, তা ভাষায় প্রকাশ করা কঠিন। যাঁরা মাঠে ও মাঠের বাইরে আমার সঙ্গে ছিলেন, সবাইকে ধন্যবাদ। স্বীকার করতে কোনও সঙ্কোচ নেই যে, নিজের নাম শুনে বেশ কয়েক ঘণ্টা কেঁদেছি। এই দিনটির জন্য অনেককিছু ত্যাগ করেছি। আমার দীর্ঘদিনের প্রচেষ্টা সার্থক হয়েছে।'

আকিবকে সুযোগ দেওয়াই যেত

রাজা বেঙ্কট

ভারতীয় দল নির্বাচন দেখে আমার মনে একটা প্রশ্ন জাগছে, জাতীয় দলে সুযোগ পাওয়ার আসল মাপকাঠি কী। পারফরমেন্স, নাকি কোচ, নির্বাচকদের প্রিয়পাত্র হয়ে ওঠা। আফগানিস্তানের বিরুদ্ধে একটি টেস্ট ও একদিনের সিরিজের জন্য মঙ্গলবার ভারতীয় দল ঘোষিত হয়েছে। কোনও দলেই সুযোগ দেওয়া হয়নি আকিব নবি দারকে। অথচ গত মরশুমে রনজি ট্রফিতে ৬০ উইকেট তুলে নিয়েছিল জম্মু ও কাশ্মীরের এই জোরে বোলার।

গত মরশুমে দুরন্ত বোলিং করেছিল আকিব। জম্মু ও কাশ্মীরের রনজি জয়ের পেছনে ওর অবদানই সবচেয়ে বেশি। অথচ তাকে ব্রাত্য করে রাখা হল! আকিবের হাতে ভাল সুইং রয়েছে। দারুণ লাইন–লেংথে বোলিং করতে পারে। লম্বা ফরম্যাটের আদর্শ বোলার। ওর একটাই মাইনাস পয়েন্ট, বলে গতি কম। তবে টেস্ট ক্রিকেটের পক্ষে যথেষ্ট মানানসই। যদি বলের গতি আরও ১০ কিমির মতো বেশি হত, তাহলে হয়তো নির্বাচকরা ওর কথা ভাবত। আকিব অনেকটা মহম্মদ সামির মতো বোলার। যদি আর একটু গতি বাড়াতে পারত, তাহলে সামির উপযুক্ত বিকল্প হত।

কম গতি নিয়ে কি অতীতে ভারতের কোনও বোলার টেস্টে সফল হয়নি? হাতের সামনে জ্বলন্ত উদাহরণ ভুবনেশ্বর কুমার। গতি কম হলেও সুইং দিয়ে বাজিমাত করে গেছে। দীর্ঘদিন ভারতীয় দলে খেলেছে। তাহলে আকিব কী দোষ করল? ওকে অনায়াসে সুযোগ দিতে পারত নির্বাচকরা। গুরনুর ব্রারকে দলে রাখা হয়েছে। এর দুটো কারণ হতে পারে। গুরনুরের উচ্চতা ও বলের গতি। ৬ ফুট ৫ ইঞ্চি উচ্চতা গুরনুরের। উইকেট থেকে বাউন্স আদায় করার দক্ষতা রয়েছে। এছাড়া, ভারতীয় 'এ' দলের হয়ে ইংল্যান্ড সফরে ভাল বোলিং করেছিল। তবে আমার মনে হয় গুরনুরের সঙ্গে আকিবকেও দলে রাখতে পারত।

সবচেয়ে বেশি অবাক হয়েছি নীতীশ কুমার রেড্ডিকে দলে দেখে। বেশ কয়েকটা টেস্ট তো খেলে ফেলেছে, কী অবদান? ঘরোয়া ক্রিকেটেও যে আহামরি পারফরমেন্স করেছে, এমন নয়। ওকে দেখে মনে হচ্ছে ভারতীয় দলে 'লাইফ মেম্বার' হয়ে বসে আছে। নির্বাচকরা এবারও সামিকে উপেক্ষা করেছে। সামির মতো বোলার কিন্তু ভারতে কমই এসেছে। গত মরশুমে বাংলার হয়ে রনজিতে সব ম্যাচেই খেলেছে। সাফল্যও পেয়েছে। ওকেও উপেক্ষা করা ঠিক হয়নি।

বাংলাদেশের জয়, ভারত ৬

আজকালের প্রতিবেদন

বাংলাদেশ দ্বিতীয় টেস্টে ৭৮ রানে জেতার সৌজন্যে পাকিস্তানকে ২–০ ব্যবধানে সিরিজে হারাল। দু'বছর আগে পাকিস্তানকে একই ব্যবধানে টেস্ট সিরিজে হারিয়েছিল বাংলাদেশ। জেতার জন্য ৪৩৭ তাড়া করতে নেমে পাকিস্তান দ্বিতীয় ইনিংসে ৩৫৮ রানে অলআউট বুধবার। সর্বোচ্চ রান মহম্মদ রিজওয়ানের (৯৪)। বাংলাদেশের সফলতম বোলার তাইজুল ইসলাম (৬/১২০)। ম্যাচের সেরা লিটন দাস। সিরিজের সেরা মুশফিকুর রহিম। বাংলাদেশের এই সিরিজ জয়ে চলতি আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের র‍্যাঙ্কিংয়ে ভারত (৪৮.১৫ পার্সেন্টেজ পয়েন্ট) ছয় নম্বরে নেমে গেল। তাদের ওপরে পঞ্চমে বাংলাদেশ (৫৮.৩৩)। শীর্ষে অস্ট্রেলিয়া (৮৭.৫০)। জুনে আফগানিস্তানের বিরুদ্ধে ভারত একটি টেস্ট ম্যাচ খেলবে, কিন্তু সেটি আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের অন্তর্গত নয়। এরপর ভারতের টেস্ট সিরিজ শ্রীলঙ্কা ও নিউজিল্যান্ডের বিরুদ্ধে।

আগামী মরশুমে ঘরোয়া ক্রিকেটে ১৭৮৮ ম্যাচ!

আজকালের প্রতিবেদন

ভারতের ২০২৬–২৭ ঘরোয়া ক্রিকেট মরশুম শুরু হতে চলেছে আগামী ২৩ আগস্ট থেকে দলীপ ট্রফির মাধ্যমে। বুধবার পূর্ণাঙ্গ সূচি প্রকাশ করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড। দীর্ঘ এই মরশুমে পুরুষ ও মহিলা বিভাগ মিলিয়ে মোট ১৭৮৮টি ম্যাচ রয়েছে। দেশের ক্রিকেট কাঠামোকে আরও শক্তিশালী করা এবং বিভিন্ন স্তরের ক্রিকেটারদের নিয়মিত প্রতিযোগিতামূলক ম্যাচের মধ্যে রাখতেই এত বড় সূচি তৈরি করা হয়েছে। সূচি অনুযায়ী, পুরুষদের সিনিয়র বিভাগের মরশুম শুরু হবে দলীপ ট্রফি দিয়ে, ২৩ আগস্ট। এরপর ইরানি কাপ শুরু ১ অক্টোবর থেকে। দেশের ঐতিহ্যবাহী রনজি ট্রফি শুরু হতে চলেছে ১১ অক্টোবর। বোর্ডের একদিনের প্রতিযোগিতা বিজয় হাজারে ট্রফির সূচনা ১৪ ডিসেম্বর। টি২০ টুর্নামেন্ট সৈয়দ মুস্তাক আলি ট্রফি শুরু হবে ১৪ নভেম্বর।

বোর্ডের তরফে জানানো হয়েছে, বর্ষাকালে দেশের বিভিন্ন প্রান্তে বৃষ্টিপাতের পরিস্থিতির কথা মাথায় রেখেই সূচি তৈরি করা হয়েছে, যাতে ম্যাচ বিঘ্নিত হওয়ার সম্ভাবনা কম থাকে। গতবারের মতো এবারও রনজি ট্রফি দুটি পর্বে অনুষ্ঠিত হবে।

প্রকাশিত সূচিতে সিনিয়র বিভাগের পাশাপাশি বয়সভিত্তিক ক্রিকেটকেও সমান গুরুত্ব দেওয়া হয়েছে। ভারতীয় ঘরোয়া ক্রিকেটের কাঠামোকে আরও শক্তিশালী করতে গত কয়েক বছরে ধারাবাহিক ভাবে ম্যাচের সংখ্যা বৃদ্ধি করেছে বোর্ড। নতুন মরশুমেও সেই প্রবণতা বজায় থাকছে।

অন্যদিকে, রনজি ট্রফির গ্রুপ বিন্যাসে এলিট 'সি' গ্রুপে বাংলার সঙ্গে রয়েছে ঝাড়খণ্ড, মহারাষ্ট্র, ওড়িশা, দিল্লি, সার্ভিসেস, গুজরাট, কেরল।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে জানানো যাইতেছে যে, পশ্চিমবঙ্গ সরকারের স্টেট লেভেল এনভায়রনমেন্ট ইম্প্যাক্ট অ্যাসেসমেন্ট অথরিটি তার ই.সি. সনাক্তকরণ নং-ই.সি. ২৫সি৩৮০১ ডব্লিউ.বি৫৮৯৩৩৭৪এন, ফাইল নং-ই.এন/টি-II-১/১০২/২০২৬, ইসি প্রকাশের তারিখ ১৫/০৫/২০২৬ দ্বারা আবাসন নির্মাণ প্রকল্পের সম্প্রসারণ ও পরিবর্তন এর পরিবেশগত ছাড়পত্র মঞ্জুর করেছেন। এলাকাটি মেসার্স স্প্রিংসিটি বিল্ডকন এল.এল.পি. এর ৩৩এ, ক্যানাল সাউথ রোড, কলকাতা মিউনিসিপাল কর্পোরেশনের ওয়ার্ড নং-৫৭, বরো-VII এর অন্তর্গত, পোষ্টি-বেলেঘাটা, থানা-ট্যাংরা, কলকাতা-৭০০০১৫, পশ্চিমবঙ্গে অবস্থিত।

[প্রস্তাবনা নং - (এস.আই.এ/ডব্লিউ.বি/ইনফ্রা২/৫৬২৫৩৮/২০২৫, তাং-২৪.১২.২০২৫].

উক্ত পরিবেশগত ছাড়পত্র বা এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্সের প্রতিলিপি কলকাতাস্থ পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কলকাতা অফিস ও এম.ও.ই.এফ.সি.সি./এস.ই.আই.এ.এ.-র ওয়েব সাইটে দেখা যাবে।

মেসার্স স্প্রিংসিটি বিল্ডকন এল.এল.পি.
৯৯, পার্ক স্ট্রিট, কোলকাতা-৭০০০১৬

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস, কলকাতা ২, ৩৭৭ এবং ৩৭৮ জি ডি ব্লক, ২ নং ফ্লোর, সল্টলেক, সেক্টর-৩, কলকাতা- ৭০০১০৬, শাখা: সাউথ সিঁথি

সংশোধনী

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ধারা ১৩(২) অধীনে গত ১৯.০২.২০২৬ তারিখে জারিকৃত এবং এই সংবাদপত্রে ২৫.০২.২০২৬ তারিখে প্রকাশিত দাবি বিজ্ঞপ্তিতে, মিঃ রাজ কুমার ঠাকুর এবং মিসেস সুধা দেবী-এর হাউজিং লোন অ্যাকাউন্ট নং ৫০২৩১৩০৮০০০ এবং হোম ইমপ্রুভমেন্ট লোন অ্যাকাউন্ট নং ৫০৩৩৯৩৮৫৩৮১-এর সম্পত্তির তফসিলে উল্লিখিত জেলার নাম "দক্ষিণ ২৪ পরগনা"-এর পরিবর্তে "উত্তর ২৪ পরগনা" পঠিত হইবে। উপরিউক্ত লিখনত্রুটি সংশোধনের জন্যই কেবল এই সংশোধনীটি জারি করা হইল। দাবি বিজ্ঞপ্তির অন্য সমস্ত বিষয়বস্তু অপরিবর্তিত থাকিবে।

তারিখ: ২১.০৫.২০২৬ অনুমোদিত আধিকারিক

FORM A
PUBLIC ANNOUNCEMENT
(Under Regulation 6 of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)
FOR THE ATTENTION OF THE CREDITORS OF BAHUBALI REALBUILD PRIVATE LIMITED

Sl. No.	RELEVANT PARTICULARS	
1.	Name of corporate debtor	Bahubali Realbuild Private Limited
2.	Date of incorporation of corporate debtor	08/12/2011
3.	Authority under which corporate debtor is incorporated / registered	Ministry of Corporate Affairs, ROC-Kolkata
4.	Corporate Identity No. / Limited Liability Identification No. of corporate debtor	U45400WB2011PTC170429
5.	Address of the registered office and principal office (if any) of corporate debtor	Registered office address as per the MCA Records: Flat No-B 112, Nehru Colony, Kolkata, West Bengal, India, 700040
6.	Insolvency commencement date in respect of corporate debtor	18th May, 2026 (The order copy uploaded on the NCLT Website on 19th May, 2026)
7.	Estimated date of closure of insolvency resolution process	14th November, 2026 (180 days from the CIRP commencement date i.e. 18th May, 2026)
8.	Name and registration number of the insolvency professional acting as interim resolution professional	Name: Kanchan Dutta Reg No: IBBI/IPA-001/IP-P00202/2017-18/10391
9.	Address and e-mail of the interim resolution professional, as registered with the Board	Address: Chatterjee International Centre, 14th Floor, Flat No. 13A, 33A J. L. Nehru Road, Kolkata 700071 Email id: kanchan@kgrs.in
10.	Address and e-mail to be used for correspondence with the interim resolution professional	Address: Chatterjee International Centre, 17th Floor, Flat No. 13A, 33A, J.L. Nehru Road, Kolkata 700071 Email id: brpl.cirp@gmail.com
11.	Last date for submission of claims	2nd June, 2026 (14 days from the CIRP admission order uploaded i.e. 19th May, 2026)
12.	Classes of creditors, if any, under clause (b) of sub-section (6A) of section 21, ascertained by the interim resolution professional	Not applicable as per information available with the IRP
13.	Names of Insolvency Professionals identified to act as Authorised Representative of creditors in a class (Three names for each class)	Not applicable as per information available with the IRP
14.	(a) Relevant Forms and (b) Details of authorized representatives are available at:	(a) Web link : https://www.ibbi.gov.in/home/downloads Physical Address: same as above in point no. 10 (b) Not applicable as per information available with the IRP

Notice is hereby given that the National Company Law Tribunal has ordered the commencement of a corporate insolvency resolution process of the Bahubali Realbuild Private Limited on 18th May, 2026 (The order copy uploaded on the NCLT Website on 19th May, 2026).
The creditors of Bahubali Realbuild Private Limited are hereby called upon to submit their claims with proof on or before 2nd June, 2026 (14 days from the CIRP admission order uploaded i.e., 19th May, 2026) to the interim resolution professional at the address mentioned against entry No. 10.
The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with proof in person, by post or by electronic means.
A financial creditor belonging to a class, as listed against the entry No. 12, shall indicate its choice of authorised representative from among the three insolvency professionals listed against entry No.13 to act as authorised representative of the class [specify class] in Form CA- Not applicable as per information available with the IRP.
Submission of false or misleading proofs of claim shall attract penalties.

Kanchan Dutta
Interim Resolution Professional
Bahubali Realbuild Private Limited (Under CIRP)
Reg No: IBBI/IPA-001/IP-P00202/2017-18/10391
Date and Place: 21st May, 2026, Kolkata

পঞ্জাব নৈশনল বৈঙ্ক punjab national bank ...the name you can BANK upon!

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট–IV [রুল ৮(১) দ্রষ্টব্য]

সার্কল অফিস এসএএম: পূর্ব মেদিনীপুর
পদুমবসান, পোঃঅঃ– তমলুক, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৬

যেহেতু:
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা জহিরুল ইসলাম খান, পিতা– আয়ুব আলি খান–এর প্রতি ০৯.০৩.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক বাবদ ₹১৭,৯৫,০২৭.০০ (সতেরো লক্ষ পঁচানব্বই হাজার সাতাশ টাকা মাত্র), তৎসহ ০১.০৩.২০২৬ থেকে উদ্ভূত সুদ আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ২০ মে, ২০২৬ তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন ২৮.০২.২০২৬ তারিখের ভিত্তিতে ₹১৭,৯৫,০২৭.০০ (সতেরো লক্ষ পঁচানব্বই হাজার সাতাশ টাকা মাত্র), তৎসহ ০১.০৩.২০২৬ থেকে [illegible]

তারিখ: ২০.০৫.২০২৬
স্থান: রামবাগ
স্বাঃ/– শ্রী তিকি বর্মন, চিফ ম্যানেজার/ অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সার্কল অফিস এসএএম, পূর্ব মেদিনীপুর

Repco Home Finance

রেপকো হোম ফিনান্স লিমিটেড

কলকাতা শাখা: ১২২, ফার্স্ট ফ্লোর, বৈষ্ণবঘাটা পাটুলি টাউনশিপ পাটুলি মেলা গ্রাউন্ডের বিপরীতে, কলকাতা–৭০০০৯৪

দখল বিজ্ঞপ্তি

যেহেতু রেপকো হোম ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ০৪.০৩.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, লোন অ্যাকাউন্ট নং ১৮৪১৮৬০০০০৭৩৪ অনুযায়ী বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক ₹১৫,৮১,৩২৩.০০ সহ ০২.০৩.২০২৬ থেকে উদ্ভূত সুদ এবং অন্যান্য খরচ পরিশোধের জন্য ঋণগ্রহীতা: মিঃ গোবিন্দ চক্রবর্তী, পিতা– জয়দেব চক্রবর্তী, বিজি–১৩৩/৪, চণ্ডীবেড়িয়া, কৃষ্ণপুর, রাজারহাট গোপালপুর (এম), উত্তর ২৪ পরগনা–৭০০১০২, এছাড়াও, এ টু জেড গারমেন্টস, বাগুইআটি দেশ গান্ধী নগর রোড, ভিআইপি সাবওয়ের নিকটে–৭০০০৫৯, সহ–ঋণগ্রহীতা: ১. মিঃ জয়দেব চক্রবর্তী, পিতা– হেমন্তকুমার চক্রবর্তী, বিজি–১৩৩/৪, চণ্ডীবেড়িয়া, কৃষ্ণপুর, রাজারহাট গোপালপুর (এম), উত্তর ২৪ পরগনা–৭০০১০২, ২. মিসেস শঙ্করী চক্রবর্তী, স্বামী– জয়দেব চক্রবর্তী, বিজি–১৩৩/৪, চণ্ডীবেড়িয়া, কৃষ্ণপুর, রাজারহাট গোপালপুর (এম), উত্তর ২৪ পরগনা–৭০০১০২, এছাড়াও, এ টু জেড গারমেন্টস, বাগুইআটি দেশ গান্ধী নগর রোড, ভিআইপি সাবওয়ের নিকটে–৭০০০৫৯, ৩. মিসেস শ্রাবন্তী কুণ্ডু চক্রবর্তী, কন্যা– জয়দেব চক্রবর্তী, বিজি–১৩৩/৪, চণ্ডীবেড়িয়া, কৃষ্ণপুর, রাজারহাট গোপালপুর (এম), উত্তর ২৪ পরগনা–৭০০১০২, জামিনদার: মিঃ সুকমল কুণ্ডু, পিতা– পরেশ কুণ্ডু, এ/এএস–১২/১২, অর্জুনপুর চড়কতলা, রাজারহাট গোপালপুর (এম), উত্তর ২৪ পরগনা–৭০০০৫৯, এছাড়াও, ভদ্র ইন্টারন্যাশনাল (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড, এয়ারপোর্ট ১নং গেট, ওল্ড সিসিইউ, কলকাতা–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
যেহেতু ঋণগ্রহীতা, সহ–ঋণগ্রহীতা এবং জামিনদার উক্ত অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন, সেহেতু এতদ্দ্বারা [illegible]

অনুমোদিত আধিকারিক, রেপকো হোম ফিনান্স লিমিটেড

হিন্দুজা লেল্যান্ড ফিনান্স লিমিটেড

কর্পোরেট অফিস: ২৭এ, ডেভেলপড ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিন্ডি, চেন্নাই–৬০০০৩২, তামিলনাড়ু
রেজিস্টার্ড অফিস: প্লট নং সি–২১, টাওয়ার সি (১–৩ ফ্লোর), জি ব্লক, বান্দ্রা কুর্লা কমপ্লেক্স, বান্দ্রা (ইস্ট), মুম্বই ৪০০০৫১। ওয়েবসাইট: www.hindujaleylandfinance.com, CIN: U65993MH2008PLC384221

দখল বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮(১) এর অধীন

[illegible]

তারিখ: ১৯.০৫.২০২৬
স্থান: দেগঙ্গা, বারাসত
স্বাঃ/– অনুমোদিত আধিকারিক, হিন্দুজা লেল্যান্ড ফিনান্স এর পক্ষে

ব্যাঙ্ক অফ বরোদা Bank of Baroda

বারুইপুর শাখা: "কিরণ হাইট" (ফার্স্ট ফ্লোর), শিবানী পীঠ, কুলপি রোড, বারুইপুর–৭০০১৪৪, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

[illegible]

স্থাবর সম্পত্তির বিবরণ

[illegible]

তারিখ: ২০.০৫.২০২৬
স্থান: বারুইপুর
চিফ ম্যানেজার/ অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা

pnb Housing Finance Limited Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

[illegible]

HOU/KOL/0918/583883 রাকেশ কুমার সাউ, মধুমিতা সাউ শাখা অফিস: সাউথ কলকাতা	₹ ২৭,৩৮,২৯৭.৯১/– এবং ১৭.১২.২০২১	বাস্তবিক দখল	৫ কাঠা, ৪ ছটাক এবং ২৫ বর্গফুট (মূল মাপ ৪ কাঠা এবং ৫ ছটাক) জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশের উপর অবস্থিত বিল্ডিংয়ের সেকেন্ড ফ্লোরে ফ্ল্যাট নং ৩এ/২ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া ৯৭০ বর্গফুট যার অবস্থান: হোল্ডিং নং ১১/১, এ সি সরকার রোড, মৌজা দক্ষিণেশ্বর, পরগনা কলিকাতা, জে এল নং ৪, রে সা নং ১, তৌজি নং ৬৩, ১৬৩, ১৬৬, ১৬৮ এবং ২২২, খতিয়ান নং ৪৭৪, দাগ নং ৮৭৫, জেলা উত্তর ২৪ পরগনা, থানা বেলঘরিয়া, কামারহাটি পুরসভার ওয়ার্ড নং ১৩, চৌহদ্দি: উত্তর: পুরসভার প্যাসেজ; দক্ষিণ: কমন প্যাসেজ; পূর্ব: এ সি সরকার রোডের উপর চারতলা বিল্ডিং এবং মিনতি দাসের জমি; পশ্চিম: কমন প্যাসেজ এবং মিঃ রাজ কুমার সিং এবং জহর ব্যানার্জির বাড়ি, প্রেমিসেস নং ১২, এ সি সরকার রোড।	₹ ৩১,৩৪,০০০	₹ ৩,১৩,৪০০	২৪.০৬.২০২৬	₹ ১০,০০০	০৫.০৬.২০২৬ সকাল ১০টা থেকে বিকাল ৫টা ৩০ মিনিট	২৫.০৬.২০২৬ দুপুর ২টা থেকে বিকাল ৩টা	মন্দিরা ঘোষ বনাম পিএনবিএইচএফএল, এস ৯/২০২৩, ডিআরটি ৩

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং 'K'–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। ১. আজকের তারিখ পর্যন্ত কলাম নং কে–তে বিবৃত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। ২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং 'K'–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। ৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। ৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০ অথবা www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২১.০৫.২০২৬
স্বাঃ– অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

বैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

শিলিগুড়ি রিজিওনাল অফিস

হোমল্যান্ড বিজনেস সেন্টার, ৪ নং ফ্লোর, থার্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার 'এ'
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম/ লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	মিঃ সুশান্ত চক্রবর্তী এবং মিসেস জয়তী চক্রবর্তী ফ্ল্যাট নং বি/৪, শিবম সুন্দরম অ্যাপার্টমেন্ট, আশ্রমপাড়া, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৫১০১ শাখা: জলপাইগুড়ি শাখা, উকিল পাড়া, পোঃঅঃ ও জেলা– জলপাইগুড়ি, পিন–৭৩৫১০১, পশ্চিমবঙ্গ অনুমোদিত আধিকারিকের মোবাইল নম্বর: ৯৮৩২৩৭০২৮৩	নিম্নোক্ত আবাসিক ফ্ল্যাটের সমবন্ধক: সুপার বিল্ট আপ এরিয়া ৯৬০ বর্গফুট, ফ্ল্যাট নং বি/৪, 'শিবম সুন্দরম অ্যাপার্টমেন্ট' নামক একটি জি+৪ তলবিশিষ্ট আবাসিক বিল্ডিংয়ের ২ নং ফ্লোরে, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমি ও প্রেমিসেসের সাধারণ সুযোগ–সুবিধা, অধিকার ভোগদখলের সমানাধিকার, জলপাইগুড়ি পুরসভার ১০ নং ওয়ার্ড, মৌজা– খেড়িয়া, পরগনা– বৈকুণ্ঠপুর, জে এল নং ০৭, শিট নং ৩৩ (ক), খতিয়ান নং (আর এস) ৬১৮৩, প্লট নং (আর এস) ৮৩৭, থানা– কোতোয়ালি, জেলা– জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ– ৭৩৫১০১, সম্পত্তির স্বত্বধারক মিঃ সুশান্ত চক্রবর্তী। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– শ্রী মিলন রায়ের জমি; পূর্ব– ১১ ফুট চওড়া সাধারণের চলাচলের রাস্তা; পশ্চিম– এন এফ রেলওয়ের জমি।	₹২৫,৬০,৪০০.০০ (পঁচিশ লক্ষ ষাট হাজার চারশো টাকা মাত্র), ১৭.০৫.২০২৬ অনুযায়ী + অপ্রযুক্ত/ অপরিযেবিত সুদ ও অন্যান্য মাশুল	০৮.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹১৭,৩২,১০৪.০০ / ₹১,৭৩,২১০.০০ / ₹১০,০০০.০০	বাস্তবিক	০১.০৬.২০২৬ দুপুর ৩টে থেকে বিকেল ৫টা মোবাইল: ৯৮৩২৩৭০২৮৩ (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন: ৯৮৩২৩৭০২৮৩।

তারিখ: ২০.০৫.২০২৬
স্থান: জলপাইগুড়ি
অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা